

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.২৫.০১৬.২০১৯-৮৮

তারিখ: ২২ মাঘ ১৪২৯
০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: চট্টগ্রাম ওয়াসার মোহরা বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব সাদেক উদ্দিন চৌধুরী-কে পারিবারিক বিশেষ প্রয়োজনে তাঁর স্ত্রীর অসুস্থতা ও অপারেশনজনিত কারণে পূর্বের ছুটির সাথে সঙ্গতি রেখে ০১ (এক) মাসের ভূতাপেক্ষ ছুটি বর্ধিতকরণের অনুমতি প্রদান।

সূত্রঃ চট্টগ্রাম ওয়াসার স্মারক নং-৪৬.০৬.০০০০.১০৩.১০৫.১৯৯০.২০১১-১৭৬৭, তারিখঃ ২৮/১২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ওয়াসার মোহরা বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব সাদেক উদ্দিন চৌধুরীকে পারিবারিক বিশেষ প্রয়োজনে ০১/১১/২০২২ হতে ৩০/১১/২০২২ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) মাস মেয়াদে যুক্তরাজ্যে গমনের জন্য বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। বর্ণিত কর্মকর্তার স্ত্রী এবং একমাত্র সন্তান যুক্তরাজ্যে বসবাস করেন এবং তাঁর স্ত্রীর অসুস্থতা ও অপারেশনজনিত কারণে মানবিক বিবেচনায় পূর্বের ছুটির সাথে সঙ্গতি রেখে ০১/১২/২০২২ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) মাস বহিঃবাংলাদেশ (যুক্তরাজ্য) অর্জিত ছুটি বর্ধিতকরণের অনুমতি প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা অনুরোধ করেছেন।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম ওয়াসার মোহরা বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব সাদেক উদ্দিন চৌধুরীকে তাঁর স্ত্রীর অসুস্থতা ও অপারেশনজনিত কারণে মানবিক বিবেচনায় পূর্বের ছুটির সাথে সঙ্গতি রেখে ০১/১২/২০২২ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) মাস মেয়াদে যুক্তরাজ্যে অবস্থানের ভূতাপেক্ষ অনুমতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
চট্টগ্রাম ওয়াসা

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। জনাব সাদেক উদ্দিন চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, মোহরা বিভাগ, চট্টগ্রাম ওয়াসা
- ৪। অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
- ৫। অফিস কপি